

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১১০৪.২০১৬- ৪৬২


তারিখ : ১১/১২/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৬৩২১/২০১৬, বাদী জনাব ফারুক ফকির, পিতা-তরফান ফকির, গ্রাম,ধোয়াইল, পোস্ট, মোহাম্মদপুর, জেলা-মাগুরা-বনাম-সরকার ও অন্যান্য।

মাগুরা জেলা পরিষদের সাধারণ নির্বাচনের ভোটার তালিকা সংশোধনের দাবীতে রীট পিটিশন নং-১৬৩২১/২০১৬ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত রুল ইস্যু পূর্বক বিবাদীগনকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।

১। জেলা প্রশাসক
মাগুরা।

২। জেলা নির্বাচন কর্মকর্তা
মাগুরা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (জেলা পরিষদ অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহে সহযোগীতার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।